উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী (বিবেচ্য মাস: মে/২০২৪)

অধিবেশন:-১৩৮

উপদেষ্টা : মেজর জেনারেল আব্দুস সালাম, এমপি, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়।

সভাপতি : হাসান মাহমুদ জুয়েল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল।

স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।

তারিখ : ০৯ মে ২০২৪

সময় : বেলা-১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের হাজিরা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

সভার প্রারম্ভে সভাপতির অনুরোধক্রমে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন উপজেলা পরিষদ জামে মসজিদের সহকারী ইমাম জনাব আবু বক্কর সিদ্দিক। অতঃপর চেয়ারম্যান, উপজেলা পরিষদ নান্দাইল এর অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার নান্দাইল আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ নিম্নবর্ণিতভাবে আরম্ভ করেন :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **০১। উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন।** | **বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন ও বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।** | **সংশ্লিষ্ট সদস্যগণ।** |
| **০২। উপজেলা নির্বাহী অফিসার জানান** কিছু দিন পূর্বে দৃষ্টি গোচর হয় ব্যানারে সরকারি লোগো ব্যবহার করে চন্ডিপাশা ইউনিয়ন পরিষদে কৃষি প্রণোদনা প্রদান করা হচ্ছে। উক্ত প্রণোদনা কার্যক্রম বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার এবং চন্ডীপাশা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে কেন অবহিত করা হয়নি? তার সুনির্দিষ্ট বক্তব্য পেশ করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে বলেন। | সরকারি লোগোকৃত ব্যানার নির্দিষ্ট অনুষ্ঠান, স্থান এবং তারিখ ছাড়া অন্যকোন তারিখ, স্থানে ব্যবহার না করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল/সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ। |
| তিনি আরও জানান যে, ইউনিয়ন পরিষদ ভবনে কর্মকর্তাদের অফিস করার জন্য রুম রয়েছে। সরকারি প্রতিটি দপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ইউনিয়ন পরিষদ ভবনে অফিস করবেন। কর্মকর্তাদের বসার নিমিত্ত ইউনিয়ন পরিষদ ভবনে রুম দেয়ার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে পরামর্শ প্রদান করেন। | কর্মকর্তাগণকে অফিস করার জন্য ইউনিয়ন পরিষদের ভবনে রুম দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)। |
| টিসিবির অনলাইন কার্যক্রম সার্ভারটি যে কোন সময় বন্ধ হওয়ার সম্ভাবনা রয়েছে। সার্ভার বন্ধ হলে উপকারভোগীদের নাম অনলাইন তালিকায় অন্তর্ভুক্ত করা যাবে না। আগামী ১৫ দিনের মধ্যে অনলাইন কার্যক্রম শতভাগ বাস্তবায়নের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে পরামর্শ প্রদান করেন। | টিসিবির অনলাইন কার্যক্রম আগামী ১৫ দিনের মধ্যে শতভাগ বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)। |
| উপজেলা কৃষি অফিসার জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের বিএডিসি বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক ৫ ধরনের বীজ প্রণোদনা বিতরণ কার্যক্রম উপজেলা নির্বাহী অফিসার মহোদয় কর্তৃক উপজেলা পরিষদে উদ্বোধন করা হয় এবং ঐ দিন চন্ডীপাশা | ইউনিয়ন পরিষদ ভবন ব্যবহার করার পূর্বে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে জানাতে হবে এবং নীতিমালা মোতাবেক প্রণোদনা কার্যক্রমে ইউনিয়ন পরিষদ সকল | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল |

| ছক | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| উপজেলা, জেলা | উপ-প্রকল্প নং | চুক্তি মূল্য (ভ্যাট ও আয়করসহ) টাকা | ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিলের পরিমান (ভ্যাট ও আয়করসহ) | পরিশোধযোগ্য বিলের পরিমান টাকা | | | |
| | | | | ভ্যাট ও আয়কর ব্যতীত টাকা | ভ্যাটের পরিমান টাকা | আয়করের পরিমান টাকা | ভ্যাট ও আয়করসহ মোট বিল (টাকা) |
| নান্দাইল, ময়মনসিংহ | INF-2021-22-456172-01 | ৪০,১৭,৬০০/- | ৪০,১৭,৬০০/- | ৩৫,৯৫,৭৫২/- | ৩,০১,৩২০/- | ১,২০,৫২৮/- | ৪০,১৭,৬০০/- |
| নান্দাইল, ময়মনসিংহ | INF-2021-22-456172-02 | ৮,৮৪,৮৮০/- | ৮,৮৪,৮৮০/- | ৭,২৫,৬০১/- | ১,৩২,৭৩২/- | ২৬,৫৪৭/- | ৮,৮৪,৮৮০/- |

| | | |
|---|---|---|
| **০৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান,** ২য় পর্যায়ের গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর), গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির প্রকল্পের কাজ বাস্তবায়ন করে ২য় কিস্তির বরাদ্দ ছাড় করণের নিমিত্ত অধিযাচন দাখিলের জন্য অনুরোধ করেন। | প্রকল্পের কাজ পরিদর্শন পূর্বক বিল প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নান্দাইল। |
| ৩য় পর্যায়ের গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর), গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির কাজের সময়সীমা ইতোমধ্যে অতিবাহিত হয়েছে। কাজের সময়সীমা বর্ধিত হলে বরাদ্দ ছাড় করা হবে। | ৩য় পর্যায়ের গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর), গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির কাজের সময়সীমা বর্ধিত হলে বরাদ্দ ছাড় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নান্দাইল। |
| ইজিপিপি ২য় পর্যায়ের কাজ চলমান রয়েছে। শ্রমিকদের উপস্থিতি নিশ্চিত করাসহ সঠিক সময়ে বিল দাখিলের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | নীতিমালা মোতাবেক প্রকল্পের কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) |
| **০৮। উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে,** যে সকল প্রাথমিক বিদ্যালয়ের জমি ব্যক্তি নামে রেকর্ডভূক্ত আছে সে সব বিদ্যালয়ের জমি সচিব প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নামে রেকর্ডভুক্ত করার জরুরি নির্দেশনা আছে। নান্দাইল উপজেলার ৩টি বিদ্যালয় যথা- ১। বীর ঘোষপালা, ২। ধলাপাতা ও ৩। ধূরুয়া স্কুলের ব্যক্তির নামে রেকর্ডভূক্ত জমি সচিব মহোদয়ের নামে রেকর্ডভূক্ত করার নিমিত্ত প্রধান শিক্ষক কর্তৃক আবেদন ও জমির দলিলসহ সহকারী কমিশনার (ভূমি) মহোদয়ের কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব উথাপন করেন।<br><br>কিছু বিদ্যালয়ে জমি বেদখলে থাকায় নতুন ভবন নির্মাণ ওয়াশ ব্লক নির্মাণ ও সীমানা প্রাচীর নির্মাণ বাধাগ্রস্থ হচ্ছে। এ বিষয়ে উপজেলা চেয়ারম্যান, | উপজেলা শিক্ষা কর্মকর্তা নান্দাইল, যে সকল প্রাথমিক বিদ্যালয়ের জমির সমস্যা, বাউন্ডারি ওয়াল নির্মাণের সমস্যা বা অন্যকোন সমস্যা রয়েছে এক সপ্তাহের মধ্যে সুনির্দিষ্ট তথ্য উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা,নান্দাইল |

| | | |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি) ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। | | |
| নান্দাইল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জায়গায় অবৈধ স্থাপনা থাকায় সীমানা প্রাচীর নির্মাণ দীর্ঘদিন যাবৎ স্থগিত আছে। জেলা প্রশাসক মহোদয় অবৈধ স্থাপনা উচ্ছেদের নির্দেশনা দিয়েছেন। এ বিষয়ে জরুরি পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগিতা কামনা করেন। | প্রাথমিক বিদ্যালয়ের জায়গায় অবৈধ স্থাপনা উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা,নান্দাইল |
| ০৯। **উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে,** গত সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক মৃত ভাতাভোগীর তথ্য প্রদানের জন্য সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হয়েছিল। ২০২৩-২০২৪ অর্থবছরে উপজেলা সমাজসেবা কার্যালয় হতে সকল ইউপি চেয়ারম্যানের নিকট ৪টি পত্র ইস্যু করে মৃত উপকারভোগীর তথ্য প্রদানের জন্য অনুরোধ করা হয় কিন্তু অদ্যবধি যথাযথ প্রক্রিয়ায় তথ্য না পাওয়ার কারণে প্রতিস্থাপন কার্যক্রম সম্পন্ন করা যায়নি। বয়স্ক ভাতা বাস্তবায়ন সংক্রান্ত নীতিমালা ২০১০ এর অনুচ্ছেদ : ৭ ও ৮ অনুযায়ী সংশ্লিষ্ট ইউপি হতে মৃত উপকারভোগীর মৃত্যু সনদ পাওয়া না গেলে কোন প্রকার প্রতিস্থাপন কার্যক্রম করা যায় না। মৃত উপকারভোগীর তথ্য না পেলে বিধি মোতাবেক ভাতার অর্থ ছাড়করণ বন্ধ রাখাও যায় না। বিস্তারিত আলোচনান্তে তিনি সংশ্লিষ্ট কমিটির সকল সম্মানিত সদস্যের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, আপনারা মৃত ভাতাভোগীর তথ্য প্রদান না করলে এ কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হবে। | সকল ইউপি কমিটি সংশ্লিষ্ট ইউপির মৃত ভাতাভোগীর তথ্য যথাযথ প্রক্রিয়ায় উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করবে।<br>ইউপি কমিটি হতে যথাযথ প্রক্রিয়ায় মৃত উপকারভোগীর তথ্য পাওয়া সাপেক্ষে প্রতিস্থাপন কার্যক্রম বাস্তবায়ন করা হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা/ চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)। |
| তিনি আরও জানান যে, প্রতারণার মাধ্যমে ভাতাভোগীর অর্থ হাতিয়ে নেওয়ার সাথে সংশ্লিষ্ট ৩(তিন) জন প্রতারক ০১। সুমা, পিতা: আনোয়ার হোসেন, ধনঞ্জয়খালী, কাশিমপুর, গাজিপুর সদর, ঢাকা, ০২। মোছা: রেবেকা সুলতানা, পিতা: মো: আব্দুর রশিদ মন্ডল, ঠিকানা কবিরাজপাড়, পুরানপৈল–৫৯০০, জয়পুরহাট সদর, জয়পুরহাট এবং ০৩। মোছা: শান্তনা বেগম, পিতা: মো: দুদু মিয়া, বেলতলা, কাগইল–৫৮২০, গাবতলী, বগুড়াকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সনাক্ত করা হয়েছে। তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | নগদ কর্তৃপক্ষ কর্তৃক যথাযথ প্রক্রিয়ায় নিয়োগপ্রাপ্ত একজন নগদ প্রতিনিধি অত্র উপজেলায় নিয়োগ প্রদান করবেন | উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |
| সভাপতি জানান যে, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও ইউপি সদস্যের সমন্বয়ে প্রতিমাসে সভা করে মৃত ব্যক্তিদের তালিকা তৈরী করতে হবে। প্রতিস্থাপনের লক্ষ্যে মৃত্যু নিবন্ধন সনদসহ মৃত ব্যক্তির তালিকা | প্রতিস্থাপনের লক্ষ্যে মৃত্যু নিবন্ধন সনদসহ মৃত ব্যক্তির তালিকা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে নীতিমালা মোতাবেক সমাজসেবা অফিসে দাখিল | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)। |

| | | |
|---|---|---|
| ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে নীতিমালা মোতাবেক সমাজসেবা অফিসে দাখিল করার জন্য পরামর্শ প্রদান করেন। | করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| **১০। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান,** ২০২৩-২০২৪ অর্থ বছরে ১৪টি ব্যাচের মধ্যে ১২টি ব্যাচে প্রতি ব্যাচে ৩০ জন করে মোট ৩৬০ জনকে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। আগামী ২৩/৫/২৪ তারিখ সুরাশ্রম দাখিল মাদ্রাসায় হাঁস মুরগি পালন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে।<br><br>জাতীয় যুব কাউন্সিল এর সদস্য নির্বাচনের লক্ষ্যে উপজেলা কমিটি পুনঃ গঠন বিষয়ে আলোচনা করেন। | প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>নীতিমালা মোতাবেক জাতীয় যুব কাউন্সিল এর সদস্য নির্বাচনের লক্ষ্যে উপজেলা কমিটি পুনঃ গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নান্দাইল।<br><br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নান্দাইল। |
| **১১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (বিআরডিবি) জানান,** সেচযন্ত্র/মেয়াদী (ডিটিডাব্লিউ ও এসটিডাব্লিউ) ও অন্যান্য ঋণ (ফসলী/শস্য, আবর্তক কৃষি, সদাবিক, বীরমুক্তিযোদ্ধা, পল্লী প্রগতি ও পল্লী উদ্যোক্ত) আদায়ের নিয়মিত কাজ (মৌখিক ও লিখিত তাগিদ) চলমান রয়েছে।<br>বর্তমান মাসে কোন ঋণ বিতরণ নেই তবে অর্থ বছরে মোট ৪ জনকে একক/পল্লী উদ্যোক্তা ঋণ পুনঃবিতরণ করা হয়েছে ৭.৭৫ লক্ষ টাকা। | নীতিমালা মোতাবেক সকল কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নান্দাইল। |
| **১২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে,** বিডব্লিউবি মুশুল্লী, সিংরইল ও বীর বেতাগৈর ইউনিয়নের চেয়ারম্যান এপ্রিল/২৪ মাসের খাদ্য গুদাম হতে চাউল উত্তোলন করেনি। প্রতিমাসে ডিও প্রদানের সমস্যা হয়। চাউল বিতরণের প্রতিবেদন প্রতিমাসে না দিলে ডিও প্রদান না করার জন্য প্রস্তাব উত্থাপন করেন। সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে প্রতিবেদন প্রতিমাসে প্রদানের জন্য অনুরোধ করেন।<br>মা ও শিশু সহায়তা ভাতা প্রদান কার্যক্রম মে/২৪ মাসে প্রতি ইউনিয়নে ৪০ জন এবং পৌরসভায় ৮০ জন করে ভাতা ভোগী নির্বাচনের জন্য বরাদ্দ পাওয়া গিয়েছে। পত্র প্রদান করা হয়েছে। মে/২৪ মাসের ভাতাভোগী নির্বাচন করতে হবে। উক্ত বরাদ্দে কোনক্রমেই জুন/২৪ মাসে নির্বাচন করা যাবে না।<br>দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ বিডব্লিউবি কর্মসূচীর চাউল বিতরণের প্রতিবেদন প্রতিমাসে সংশ্লিষ্ট কার্যালয়ে দাখিল করতে হবে।<br><br>প্রতিমাসে প্রতিবেদন দাখিলে ব্যর্থ হলে ডিও প্রদান না করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)।<br><br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নান্দাইল। |
| **১৩। উপজেলা পঃ পঃ কর্মকর্তা জানান যে,** এপ্রিল/২০২৪ মাসের মাসিক অগ্রগতির প্রতিবেদন রিপোর্ট অনুযায়ী ৮৬,২৭৯ জন সক্ষম দম্পতিদের মধ্যে পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৬৬,৭১৭ এবং হার ৭৭.৩৩%।<br>এপ্রিল/২০২৪ মাসে স্থায়ী ও অস্থায়ী দীর্ঘমেয়াদী পদ্ধতি | নীতিমালা মোতাবেক সকল কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, নান্দাইল। |

| | | |
|---|---|---|
| গ্রহীতার সংখ্যা জানান ১। স্থায়ী পদ্ধতি গ্রহীতার সংখ্যা পুরুষ- ০০, ২। স্থায়ী পদ্ধতি গ্রহীতার সংখ্যা মহিলা-০০, ৩। অস্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি ইমপ্ল্যান্ট গ্রহীতার সংখ্যা-৪১, ৪। অস্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি কপার-টি গ্রহীতার সংখ্যা-০৮ জন। প্রত্যেক ইউনিয়নে পরিবার কল্যাণ পরিদর্শিকাগণ তাদের স্যাটেলাইট ক্লিনিক প্রোগ্রাম অনুযায়ী সেবা প্রদান কার্যক্রম চালিয়ে যাচ্ছে। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র খোলা রয়েছে। বর্তমানে বেতাগৈর, নান্দাইল, মুশুল্লী ও সিংরইল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ডেলিভারী সেবা কার্যক্রম অব্যাহত আছে। | | |
| ১৪। **সহকারী প্রোগ্রামার জানান যে,** শেখ রাসেল পদক ২০২৪ এর জন্য আবেদন আহ্বান করা হয়েছে অনূর্ধ্ব ১৮ বছর বয়সী বাংলাদেশী শিশু কিশোর এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে উৎসাহ ও উদ্দীপনা যোগানো এবং স্বীকৃতি প্রদানের লক্ষ্যে জাতীয় পর্যায়ে ১০টি ক্যাটাগরিতে শেখ রাসেল পদক ২০২৪ প্রদান করার জন্য অনলাইনে আবেদন করা যাবে। আবেদন লিংক : award.shekhrussel.gov.bd। আবেদনের শেষ তারিখ ১৫ মে ২০২৪ খ্রিঃ রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত। প্রচার প্রচারনার জন্য সকলকে আহ্বান জানান। বার্ষিক কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ অনুসারে তথ্য বাতায়ন হালনাগাদ করণ কর্মসম্পাদন সূচকের মান হচ্ছে ১০ এবং ডি-নথির ব্যবহার বৃদ্ধির কর্মসম্পাদন সূচকের মান হচ্ছে ৮। উল্লেখ্য নান্দাইল উপজেলায় ১৭ টি দপ্তর ডি-নথি লাইভ সার্ভারে আছে। ডি-নথি এবং জাতীয় তথ্য বাতায়নের শতভাগ হালনাগাদসহ পেপারলেস অফিস বাস্তবায়নে সকল সরকারি অফিস ও ইউনিয়ন পরিষদকে বিশেষভাবে অনুরোধ করেন। | শেখ রাসেল পদক ২০২৪ এর নিমিত্ত অনূর্ধ্ব ১৮ বছর বয়সী বাংলাদেশী শিশু-কিশোরদের উৎসাহ ও উদ্দীপনার মাধ্যমে অনলাইনে আবেদন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>সকল ইউপি চেয়ারম্যানগণকে জাতীয় তথ্য বাতায়নের শতকরা হার ১০০% করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>জাতীয় তথ্য বাতায়ন যথাযথভাবে হালনাগাদ সংক্রান্ত যে কোন সমস্যায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উপজেলা কার্যালয়ে যোগাযোগ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)।<br><br>চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)। |
| ১৫। **চেয়ারম্যান ১নং বীর বেতাগৈর ইউনিয়ন পরিষদ সভায় জানান যে,** বীর বেতাগৈর ইউনিয়ন পরিষদের নতুন ভবন নির্মাণের জন্য প্রস্তাব উত্থাপন করেন। | বীর বেতাগৈর ইউনিয়ন পরিষদের নতুন ভবন নির্মাণের লক্ষ্যে জমির প্রয়োজনীয় কাজগপত্র উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান বীর বেতাগৈর ইউনিয়ন পরিষদ। |
| ১৬। **চেয়ারম্যান ৪নং চন্ডীপাশা ইউনিয়ন পরিষদ** জানান যে, হাট বাজারের ইজারা আদায়ের অর্থ খাতওয়ারি বিভাজন করে ইউনিয়ন পরিষদের অর্থ প্রদানের প্রস্তাব উত্থাপন করেন। | হাট বাজার ইজারা আদায়কৃত অর্থ নীতিমালা মোতাবেক বন্টন করে সংশ্লিষ্ট খাতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল। |
| ১৭। **চেয়ারম্যান ৯নং আচারগাঁও ইউনিয়ন পরিষদ সভায় জানান যে,** খাস জমি অবৈধ দখলে থাকায় কিছমত আমোদাবাদ গ্রামের বন্দের বাড়ী এলাকায় জলাবদ্ধতা সৃষ্টি হয়। খাস জমিগুলি দখল মুক্ত করা হলে জলাবদ্ধতা দূর হবে। এ বিষয়ে প্রয়োজনীয় | আমোদাবাদ মৌজার কিছমত আমোদাবাদ গ্রামের বন্দের বাড়ী এলাকায় অবৈধ দখলের বিষয়টি সরেজমিনে পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কমিশনার (ভূমি), নান্দাইল। |

| | | |
|---|---|---|
| ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব উত্থাপন করেন।<br><br>সাম্প্রতিক সময়ে এলাকায় গরু চুরি খুব বেশি বৃদ্ধি পেয়েছে। গরু চুরি রোধে আইনগত ব্যবস্থা গ্রহণের প্রস্তাব উত্থাপন করেন। | গরু চুরি রোধের জন্য জনগণকে সচেতন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশ, এলাকাবাসি/গরুর মালিক রাত জেগে পাহারার ব্যবস্থা গ্রহণ এবং অফিসার ইনচার্জ নান্দাইল মডেল থানাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ নান্দাইল মডেল থানা/চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) |
| টিসিবি এর অনলাইন কার্যক্রম আচারগাঁও ইউনিয়ন পরিষদের ৪০% কাজ বাস্তবায়ন করা হয়েছে। অনলাইন কার্যক্রম চলমান রয়েছে। ভাতা ভোগীদের অনলাইন কার্যক্রমে তথ্য দেয়ার জন্য মাইকিং করা হবে। উক্ত কাজ শতভাগ বাস্তবায়নের জন্য আচারগাঁও ইউনিয়ন পরিষদ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করছে। | টিসিবি অনলাইন তালিকার কার্যক্রম সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরকে শতভাগ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)। |
| **১৮। চেয়ারম্যান ১০নং শেরপুর ইউনিয়ন পরিষদ জানান** শেরপুর ইউনিয়নে পাঁচরুখী উপস্বাস্থ্য কেন্দ্র থাকায় সরকারি নিয়ম অনুযায়ি সেখানে কমিউনিটি ক্লিনিক হবে না। কমিউনিটি ক্লিনিকের জন্য যে ব্যক্তি জমি দিয়েছিলেন সে ব্যক্তি জমি ফেরৎ নেয়ার জন্য সহযোগিতা চাচ্ছেন। এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব উত্থাপন করেন। | কমিউনিটি ক্লিনিকের জন্য যে ব্যক্তি জমি দিয়েছিলেন সে ব্যক্তি জমি ফেরতের জন্য আবেদন করবেন এবং উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার সাথে যোগাযোগ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান শেরপুর ইউনিয়ন পরিষদ। |
| **১৯। চেয়ারম্যান ১২ নং জাহাংগীরপুর ইউনিয়ন পরিষদ জানান যে** টিসিবি উপকার ভোগীদের তালিকা অনলাইনে এন্ট্রি করার সময় অনেক উপকারভোগীদের সঠিক পরিচয় ও নমিনি পাওয়া যাচ্ছে না। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব উত্থাপন করেন। | যে কার্ডগুলির তথ্যের সমস্যা রয়েছে নীতিমালা মোতাবেক উপকারভোগী এন্ট্রি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ১২ নং জাহাংগীরপুর ইউনিয়ন পরিষদ। |
| **২০। মেয়র, নান্দাইল পৌরসভা জানান যে,** নান্দাইল পৌরসভার পৌর কাউন্সিলরগণ এবং চেয়ারম্যান, নান্দাইল, চন্ডীপাশা, আচারগাঁও ইউনিয়ন পরিষদের সমন্বয়ে আলোচনা সাপেক্ষে অটো গাড়ির লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গ্রহণের প্রস্তাব উত্থাপন করেন। | পৌর কাউন্সিলরগণ এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সমন্বয়ে আলোচনা সাপেক্ষে অটো গাড়ির লাইসেন্স করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র, নান্দাইল পৌরসভা এবং চেয়ারম্যান, আচারগাঁও/ চন্ডীপাশা/নান্দাইল ইউনিয়ন পরিষদ। |
| **২১। সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান যে,** অদ্য উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা আমার সময়ের শেষ সভা হতে পারে। সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ এবং উপজেলার সকল কর্মকর্তাগণের সহযোগিতায় দীর্ঘ ৫ বছর যাবৎ উপজেলা পরিষদ চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেছেন। সরকারি নিয়ম অনুযায়ি প্রতিদিন সকল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত উপজেলা পরিষদে অফিস কার্যক্রম পরিচালনা করেছেন। অত্র উপজেলা পরিষদে সরকারি সকল | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) এবং সকল দপ্তর প্রধানগণ উপজেলা পরিষদ চেয়ারম্যানের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। | সকল সদস্যগণ। |

| | | |
|---|---|---|
| উন্নয়ন মূলক কাজে অংশগ্রহণ এবং কাজ বাস্তবায়ন ও তদারকি করেছেন। সাধারণ মানুষকে হয়রানি মুক্ত সেবা দেয়া হয়েছে। করোনা ভাইরাসের (কোভিড-১৯) সময় উপজেলা পরিষদ দক্ষতার সাথে জনগণের সাথে থেকে সেবামূলক ও ত্রাণ কার্যক্রম সুন্দর ও স্বচ্ছতার সহিত পরিচালনা করেছেন। সমাজসেবা কার্যালয়ের আওতায় বিভিন্ন ভাতা গ্রহণের জন্য প্রতিটি পাড়া মহল্লায় মাইকিং করে মানুষকে জানানো হয়েছে এবং প্রতিটি ভাতাভোগীর কার্ড সফলভাবে প্রদান করা হয়েছে। বাংলাদেশের ১০০ উপজেলার মধ্যে নান্দাইল উপজেলাকে পাইলট উপজেলা হিসেবে সরকার নির্বাচন করেছেন। মাননীয় মন্ত্রী মহোদয় অত্র উপজেলার ব্যাপক উন্নয়ন করবেন মর্মে সম্মানিত সকল সদস্যগণকে সহযোগিতা করার জন্য পরামর্শ প্রদান করেন। বিগত ৫ বছর উপজেলা পরিষদের কাজ করতে গিয়ে কর্মকর্তা/কর্মচারীগণকে কোন কষ্ট দিয়ে থাকলে ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখার জন্য অনুরোধ জানান এবং সকল সদস্যগণের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। | | |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ কর্তৃক উপস্থিত সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৯।৫।২৪

(হাসান মাহমুদ জুয়েল)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নান্দাইল, ময়মনসিংহ।

স্মারকনং- ৪৬.৪৫.৬১৭২.০০০.০৬.০০১.২৩-৮১ তারিখ ঃ-০৯/০৫/২০২৪ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :-

১। মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় ও মাননীয় জাতীয় সংসদ সদস্য ১৫৪, ময়মনসিংহ-৯, নান্দাইল।

২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।

৪। সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা শাখা-১/উপজেলা শাখা-২ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। মেয়র, নান্দাইল পৌরসভা, নান্দাইল, ময়মনসিংহ।

৬। ---------------------------------------------------------নান্দাইল, ময়মনসিংহ।

৭। উপজেলা --------------------------------------------------- অফিসার, নান্দাইল, ময়মনসিংহ।

৮। চেয়ারম্যান ----------------------------------ইউনিয়ন পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।

৯। অফিস কপি।

০৯/০৫/২৪

(অরুন কৃষ্ণ পাল)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
নান্দাইল, ময়মনসিংহ।